

ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা-১ম পত্র  
মূলধন বাজেটিং ও বিনিয়োগ সিদ্ধান্ত

গুরুত্বপূর্ণ কতিপয় রচনামূলক প্রশ্নাবলী :

১. মূলধন বাজেটিং কি? মূলধন বাজেটিং এর উদ্দেশ্য/গুরুত্ব/প্রয়োজনীয়তা/সুবিধা আলোচনা কর।
২. মূলধন বাজেটিং এর সীমাবদ্ধতা/সমস্যাবলী/অসুবিধাগুলো লেখ।
৩. মূলধন বাজেটিং এর ধাপ/পদক্ষেপ/প্রক্রিয়া বর্ণনা কর।
৪. প্রকল্প মূল্যায়নের কোন পদ্ধতি সর্বোৎকৃষ্ট?

বিনিয়োগ প্রকল্প গ্রহণ-বর্জন সিদ্ধান্তের ভিত্তি :

ক্রম	বিনিয়োগ মূল্যায়ন কৌশল	স্বাধীন প্রকল্পের ক্ষেত্রে	পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে
০১	বিনিয়োগ পরিশোধ কাল পদ্ধতি -পিবিপি Pay Back Period-PBP	পিবিপির মান প্রকল্পের মেয়াদের চেয়ে ছোট হলে গ্রহণ আর বড় হলে বর্জন।	যে প্রকল্পের পিবিপির মান কম সেটা গ্রহণ করা হবে।
০২	গড় উপার্জন হার পদ্ধতি-এআরআর Average Rate of Return-ARR	এআরআর এর মান মূলধন ব্যয়ের চেয়ে বেশি হলে প্রকল্প গ্রহণ আর কম হলে বর্জন।	যে প্রকল্পের এআরআর এর মান বেশি সেটা গ্রহণ করা হবে।
০৩	নিট বর্তমান মূল্য পদ্ধতি-এনপিভি Net Present Value-NPV	এনপিভি এর মান ধনাত্মক হলে প্রকল্প গ্রহণ আর ঋনাত্মক হলে বর্জন।	যে প্রকল্পের এনপিভি এর মান বেশি সেটা গ্রহণ করা হবে।
০৪	অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি-আইআরআর Internal Rate of Return-IRR	আইআরআর এর মান মূলধন ব্যয়ের চেয়ে বেশি হলে প্রকল্প গ্রহণ আর কম হলে বর্জন।	যে প্রকল্পের আইআরআর এর মান বেশি সেটা গ্রহণ করা হবে।
০৫	মুনাফা অর্জন ক্ষমতাসূচক পদ্ধতি-পিআই Profitability Index-PI	পিআই এর মান ১ এর চেয়ে বড় হলে গ্রহণ আর ছোট হলে বর্জন।	যে প্রকল্পের পিআই এর মান বেশি সেটা গ্রহণ করা হবে।
০৬	সংশোধিত অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি- এমআইআরআর Modifier IRR-MIRR	এমআইআরআর এর মান মূলধন ব্যয়ের চেয়ে বেশি হলে প্রকল্প গ্রহণ আর কম হলে বর্জন।	যে প্রকল্পের এমআইআরআর এর মান বেশি সেটা গ্রহণ করা হবে।
০৭	বাটাকৃত বিনিয়োগ পরিশোধ কাল পদ্ধতি ডিসিবিপি Discounted Pay Back Period-DPBP	ডিসিবিপির মান প্রকল্পের মেয়াদের চেয়ে ছোট হলে গ্রহণ আর বড় হলে বর্জন।	যে প্রকল্পের ডিসিবিপির মান কম সেটা গ্রহণ করা হবে।

এক নম্বরে সূত্রাবলী :

১। বিনিয়োগ পরিশোধ কাল পদ্ধতি -পিবিপি/ Pay Back Period-PBP	
ক) নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ সমান হলে	$PBP = \frac{\text{Investment}}{\text{Annual net cash inflows}}$ বিনিয়োগ ÷ বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ
খ) নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ অসমান হলে	$PBP = \frac{PY + OI - CCFAT \text{ of } PY}{CFAT \text{ of } RY}$ PY-Previous Year, OI-Original Investment, CCFAT-Cumulative cash flow after tax, CFAT of RY-CFAT of full recovery year. সম্পূর্ণ বিনিয়োগ কেবল আসার পূর্বের বছর + মূল বিনিয়োগ - ক্রমবোদ্ধিত কর পরবর্তী নগদ আন্তঃপ্রবাহ/ সম্পূর্ণ মূলধন বা বিনিয়োগ যে বছরে উঠে আসবে সেই বছরের CFAT

ব্যবহারিক সমস্যা :

১। প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৬,০০,০০০ টাকা এবং বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ ১,৫০,০০০ টাকা। পে-ব্যাক সময় নির্ণয় কর। উত্তর : ৪ বছর।

২। প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৪,৫০,০০০ টাকা এবং কর পরবর্তী বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ ৫০,০০০ টাকা করে ১০ বছর পর্যন্ত।

করনীয় : ক) পে-ব্যাক সময় নির্ণয় কর। খ) প্রকল্পটি গ্রহণ করবে কিনা পরামর্শ দাও। উত্তর : ক) ৯বছর, খ) প্রকল্পটি গ্রহণযোগ্য।

৩। জনাব রহমান একজন চাকরিজীবী। তিনি তার সঞ্চিত অর্থ ৩ বছরের জন্য বিনিয়োগ করতে চান। তার সঞ্চিত অর্থের পরিমাণ ৫,০০,০০০ টাকা বিনিয়োগ থেকে নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

বিকল্প	২০১০	২০১১	২০১২	২০১৩	২০১৪
নগদ আন্তঃপ্রবাহ	১,৩০,০০০	১,৩০,০০০	১,৩০,০০০	১,৩০,০০০	১,৩০,০০০

করনীয় : ক) পে-ব্যাক সময় নির্ণয় কর। খ) প্রকল্পে বিনিয়োগ করবে কিনা যাচাই কর। উত্তর : ক) ৩.৮৫ বছর, খ) প্রকল্পটিতে বিনিয়োগ করা যাবে না।

৪। ধরি, নগদ বহিঃপ্রবাহ ১,০০,০০০ টাকা এবং বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ গুলো নিম্নরূপ:

বিকল্প	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
নগদ আন্তঃপ্রবাহ	২৫,০০০	২৫,০০০	৩০,০০০	৪০,০০০	৩০,০০০

করনীয় : ক) পিবিপি বের কর। খ) প্রকল্পে বিনিয়োগ করা কি উচিত হবে? উত্তর : ক) ৩.৫ বছর, খ) প্রকল্পটিতে বিনিয়োগ করা উচিত।

Prepared by:

Md. Atik Ullah Chowdhury, BBS(Honours), MBS(Management), MBA(Finance & Banking), LLB & M.Phil.(going on)  
Lecturer, Department of Management, Raozan University College.  
Email: atikpatia@yhoo.com, Mobile: 01815952510